

যুক্তরাষ্ট্রের লাস ভেগাসে গত ৬ থেকে ৯ জানুয়ারি অনুষ্ঠিত হয় প্রযুক্তিবিধের সবচেয়ে বড় প্রদর্শনী 'কনজুমার ইলেকট্রনিক শো (সিইএস) ২০১৬'। প্রদর্শনীর সেরা কিছু প্রযুক্তিপণ্য নিয়েই এ লেখা।

## ৮ মেগাপিক্সেলের ফ্রন্ট ক্যামেরার ছয়াওয়ে স্মার্টফোন

চীনের প্রযুক্তিপণ্য নির্মাতা ছয়াওয়ে সিইএস মেলায় নতুন স্মার্টফোন আর ট্যাবলেট উন্মোচন করেছে। মেলায় ছয়াওয়ে প্রথমে আনে 'মাইট ৮' স্মার্টফোন। সেলফি তোলায় জন্য ফোনটিতে আছে ৮ মেগাপিক্সেলের ফ্রন্ট ক্যামেরা। এতে আছে বিশেষ ইমেজ সেন্সর, যার মাধ্যমে দ্রুত ফোকাস করা যায়। এরপর মেলায় আসে ছয়াওয়ে 'এম ২' ট্যাবলেট। হারম্যান কারভনের সাথে ছয়াওয়ের নতুন অংশীদারিত্বের ফলে ট্যাবলেটটিতে আছে হারম্যান কারভনের সাউন্ড সিস্টেম।

## স্মার্টজুতা

সিইএসে পরিবেশ প্রযুক্তিপণ্যে ভিন্ন মাত্রা এনেছে স্মার্টজুতা। নির্মাতা প্রতিষ্ঠান ডিজিটসোল এতে রেখেছে পায়ের আঙ্গুল গরম রাখার ব্যবস্থা। রুটুথ নিয়ন্ত্রিত জুতাটি ব্যবহারকারীর হাঁটার পদক্ষেপ গুনতে সক্ষম। স্মার্টফোনের অ্যাপ দিয়ে নিয়ন্ত্রণ করা যায় এই জুতা। এর সাহায্যে শরীরের বিভিন্ন তথ্যও জানা যাবে। ৪৫০ ডলার দামের এই স্মার্টজুতা মোবাইল ফোনের মতোই চার্জ দিতে হবে।

## স্যামসাংয়ের স্মার্ট রেফ্রিজারেটর

মেলায় স্যামসাংয়ের একটি স্মার্ট রেফ্রিজারেটর সবার নজর কাড়ে। এই রেফ্রিজারেটরে রয়েছে বিশেষ কৃত্রিম বুদ্ধিমত্তা, যা প্রয়োজন অনুসারে তাপমাত্রা নিয়ন্ত্রণ করতে সক্ষম। নতুন মডেলের এই ফ্রিজে রয়েছে সাড়ে ২১ ইঞ্চির হাই ডেফিনিশন টাচস্ক্রিন, যার সাহায্যে ফ্রিজের তাপমাত্রা, আর্দ্রতা, অপারেশন মোড দেখা ও পরিবর্তনের পাশাপাশি



ফ্রিজের ভেতরে কী কী আছে তাও দেখা যাবে। ফ্রিজটির ভেতরের অংশে সংযুক্ত ক্যামেরা থেকে আসা ছবি দেখা যাবে এই স্ক্রিনে।

## গ্যালাক্সি ট্যাবপ্রো এস

সিইএসের গুরুত্ব দিনই স্যামসাং আনুষ্ঠানিকভাবে উন্মোচন করে বহুল প্রত্যাশিত টু-ইন-ওয়ান ট্যাবলেট গ্যালাক্সি ট্যাবপ্রো এস। এটিই প্রথম গ্যালাক্সি ডিভাইস, যাতে অ্যান্ড্রয়েডের পরিবর্তে অন্য কোনো অপারেটিং



# সিইএস মেলার সেরা পণ্য



সোহেল রানা

সিস্টেম ব্যবহার করা হয়েছে। এতে ১২ ইঞ্চি অ্যামোলেড ডিসপ্লে ব্যবহার করা হয়েছে। ৪ গিগাবাইট র‍্যামের এ ডিভাইসে ইন্টেলের কোরএম প্রসেসর রয়েছে। ট্যাবলেটটিতে ৫ মেগাপিক্সেলের রিয়ার ও ফ্রন্ট ফেসিং ক্যামেরা আছে। এতে ৫২০০ মিলি অ্যাম্পিয়ার আওয়ারের ব্যাটারি আছে।

## লেনোভোর পাতলা ল্যাপটপ

প্রযুক্তিপণ্য নির্মাতা লেনোভো এনেছে বিশ্বের সবচেয়ে পাতলা কনভার্টিবল ল্যাপটপ ইয়োগা ৯০০এস। পাশাপাশি আরও বেশ কয়েকটি ল্যাপটপ, ডেকটপ, মনিটরসহ আইডিয়াপ্যাড



সিরিজের ডিভাইস উন্মোচন করেছে প্রতিষ্ঠানটি। ইয়োগা ৯০০এস ল্যাপটপের ওজন ৯৯৯ গ্রাম এবং ডিভাইসটির পুরুত্ব ১২ দশমিক ৮ মিলিমিটার। এটি উইন্ডোজ ১০ অপারেটিং সিস্টেমে চলেবে। এতে কোর এম৭ প্রসেসর ব্যবহার করা হয়েছে।

## এলজির কে সিরিজের নতুন স্মার্টফোন

সিইএসে কে সিরিজের নতুন স্মার্টফোন উন্মোচন করেছে এলজি। এ ডিভাইসগুলোর মধ্যে আছে কে১০ ও কে৭ নামে দুটি স্মার্টফোন। অ্যান্ড্রয়েড ৫.১ ললিপপ অপারেটিং

সিস্টেমভিত্তিক কে১০ স্মার্টফোনটিতে আছে ৫ দশমিক ৩ ইঞ্চি এইচডি ডিসপ্লে। এতে ১৩ মেগাপিক্সেল রিয়ার ক্যামেরার পাশাপাশি ৮ মেগাপিক্সেল ফ্রন্ট ফেসিং ক্যামেরা রয়েছে। কে৭ ডিভাইসটিতে ৫ ইঞ্চি ডিসপ্লে ব্যবহার করা হয়েছে। এতে ৮ মেগাপিক্সেল রিয়ার ক্যামেরার পাশাপাশি ৫ মেগাপিক্সেলের ফ্রন্ট ফেসিং ক্যামেরা আছে। উভয় ডিভাইস ১৬ ও ৩২ গিগাবাইট অভ্যন্তরীণ তথ্য সংরক্ষণের সুবিধাসহ বাজারে পাওয়া যাবে।

## ভাঁজ করা টেলিভিশন

টেলিভিশন দেখার পর সেটা ভাঁজ করে বা গোল পাকিয়ে রাখা যাবে— এমন টেলিভিশন নিয়ে এসেছে এলজি। এলজি এ ধরনের একটি টেলিভিশন উদ্ভাবনের জন্য কাজ করছিল বহুদিন ধরে। এদের তৈরি এই টেলিভিশনের ডিসপ্লে হাই ডেফিনিশন (এইচডি) মানের। টেলিভিশনটি কার্যত একটি স্ক্রিনের মতো, যা কাগজের মতো গোল পাকিয়ে রাখা যায়। এলজির তৈরি পরীক্ষামূলক টেলিভিশনটির স্ক্রিন সাইজ হচ্ছে ১৮ ইঞ্চি। কিন্তু এরা এখন ৫৫ ইঞ্চি সাইজের এ ধরনের টেলিভিশন তৈরির পরিকল্পনা করছে। এই স্ক্রিন হবে ফোর-কে মানের, অর্থাৎ এইচডির চেয়েও চারগুণ উন্নত। এই টেলিভিশনে ব্যাকপ্যানেলের কোনো প্রয়োজন হবে না, সে কারণেই স্ক্রিনটিকে বাকানো যাবে।

## স্মার্টকার

বিখ্যাত গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান টয়োটা এবং ফোর্ড মিলে সিইএসে এনেছে স্মার্ট ডিভাইস লিঙ্ক (এসডিএল) প্রযুক্তির গাড়ি। এই প্রযুক্তির মাধ্যমে গাড়ি নির্মাতারা গুগল বা অ্যাপলের সফটওয়্যারের বদলে নিজস্ব সফটওয়্যার ব্যবহার করে গাড়ির ড্যাশবোর্ডের সাথে স্মার্টফোনের সংযোগের ব্যবস্থা করতে পারবে। পিউগট, হোন্ডা, সুবাক এবং মাজদার মতো প্রতিষ্ঠানগুলোও এসডিএল ব্যবহারের পরিকল্পনা করছে।

## ইস্পায়ার ১ প্রো ড্রোন

চীনা ড্রোন নির্মাতা ডিজেআই সিইএসে আনে নতুন মডেলের ড্রোন। 'ইস্পায়ার ১ প্রো' নামের ড্রোনটি সাদা ও কালো এই দুই রংয়ে পাওয়া যাবে। এতে রয়েছে ফোর-কে রেজুলেশনের ক্যামেরা। সর্বোচ্চ ১.২ কিলোমিটার দূর থেকে ওড়ানো যাবে ড্রোনটি